আজকের কাগজ

তারিখ 21 FEB 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

201

# রাকসু নির্বাচনের দাবিতে রাঃ বিঃ প্রশাসন অফিসে তালা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, প্রোক্টর এবং রিটার্নিং অফিসারের অফিস গত ক'দিন ধরে তালাবদ্ধ থাকায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম অচল হয়ে পড়েছে। খবর ইউএনবি।

জানা গেছে, দ্রুত নির্বাচনের তারিখ এবং আগের রাকসু বাতিল ঘোষণাসহ উপাচার্য, উপ-উপাচার্য, প্রোক্টর এবং রিটার্নিং অফিসারের পদত্যাগের দাবিতে গত ১৭ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা জাতীয়তাবাদী ছাত্রদল এই অফিসসমূহে তালা ঝুলিয়ে দেয়। উল্লেখ্য, তারা উপাচার্যের বাসভবনেও তালা লাগিয়েছেন।

প্রকাশ থাকে যে, বাংলাদেশ ছাত্রলীগের সমর্থনে বাংলাদেশ ছাত্রলীগের (না-শ) ডাকা দীর্ঘ মেয়াদী ধর্মঘটের কারণে গত ১৭ ফেব্রুয়ারি কর্তৃপক্ষ রাকসু নির্বাচনের তারিখ বাতিল ঘোষণা করে। গত ২৫ ফেব্রুয়ারি রাকসু নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়েছিলো।

এদিকে গত পরশু বিপ্লবী ছাত্র মৈত্রী শিগগিরই নির্বাচনের তারিখ ঘোষণার জন্যে দাবি জানিয়েছে। তারা উপাচার্যের কাছে দেয়া এক স্মারকলিপিতে শিগগিরই নির্বাচনসহ ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে আনীত মিথ্যা মামলা প্রত্যাহার, ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহার, অবৈধ সিট দখলকারী বহিরাগতদের বহিষ্কার এবং রমজান ও গ্রীষ্মের ছুটি সংক্ষেপকরণের দাবি জানায়।

এছাড়া ইসলামী ছাত্র শিবির বিশ্ববিদ্যালয় শাখা তাড়াতাড়ি নির্বাচনের তারিখ ঘোষণা এবং আগের রাকসু বাতিল করার জন্য এক বিবৃতি দিয়েছে।